



From : Dr. Bappaditya Mandal
Principal

www.sonamukhicollegebankura.com
sonamukhicol@gmail.com
(91)03244-275251

SONAMUKHI COLLEGE

P.O. - Sonamukhi, Dist. - Bankura,
West Bengal, India - 722 207

NAAC : B(2.37) 2016 - 1st Cycle

Ref. No. 2020092051/SC/35/Adm

Date: 22/9/2020

বিজ্ঞপ্তি

এতদ্বারা উচ্চমাধ্যমিক(2018, 2019 ও 2020) বা সমতুল্য পাশ করা ছাত্র-ছাত্রীদের জানানো যায় যে, উচ্চ শিক্ষা দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক প্রকাশিত (530-Edn CS dated 21/9/2020) ও Joint Director of Public Instruction প্রেরিত নির্দেশনামা এবং U G Council, বাঁকুড়া বিশ্ববিদ্যালয় থেকে পাওয়া পত্র নং BKU/Sec/UG/Admission (Extension)/19/2020 dated 22/9/2020 অনুযায়ী আগামী 25/9/2020 তারিখ থেকে 27/9/2020 তারিখ রাত্রি বারোটা পর্যন্ত নতুন করে প্রথম সেমিস্টারে ভর্তি হওয়ার জন্য registration ও আবেদন করতে পারবে। আবেদন করার সুযোগ থাকবে কেবলমাত্র প্রোগ্রাম কোর্স গুলিতে, এছাড়া অর্থনীতি অনার্স, রাষ্ট্রবিজ্ঞান অনার্স, সংস্কৃত অনার্স ও কমার্স অনার্স ইত্যাদি বিষয়গুলিতে সিট সংখ্যা খালির ভিত্তিতে। সবকিছুই অনলাইন পোর্টালে পাওয়া যাবে। নতুন অনলাইন পোর্টালটির www.sonamukhicollegebankura.com এতে link পাওয়া যাবে। ভর্তির আবেদনের জন্য Registration করতে পারবে আগামী 25 সেপ্টেম্বর থেকে 27 সেপ্টেম্বর 2020 রাত্রি বারোটা পর্যন্ত। সোনামুখী কলেজ কে Registration fee বাবদ, পূর্বে প্রকাশিত সরকারি নির্দেশনা অনুযায়ী, online এ payment করতে হবে না। তবে, তালিকাভুক্ত হওয়ার পরে ভর্তি হতে চাইলে, online payment successful হলেই provisional ভর্তি প্রক্রিয়া সম্পূর্ণ হবে। Merit list প্রকাশিত হবে 28 শে সেপ্টেম্বর 2020 দুপুর 12 টার মধ্যে। Online পদ্ধতিতে ভর্তি প্রক্রিয়া চলবে 29 শে সেপ্টেম্বর 2020 রাত্রি বারোটা পর্যন্ত। Merit list প্রকাশিত হওয়ার সাথে সাথে SMS অটোমেটিক অনলাইন সিস্টেম থেকে বের হয়ে যাবে।

Online admission process করার সময় প্রত্যেক আবেদনকারীকে নির্দেশ দেওয়া হচ্ছে, বিষয়গুলি নির্বাচনের সময় অত্যন্ত যত্নবান হতে হবে। কারণ একবার final submit করার পরে **পরিবর্তনের সুযোগ থাকবে না।** উচ্চ শিক্ষায় আগ্রহী আবেদনকারীদের নির্দেশ দেওয়া হচ্ছে COVID-19 পরিস্থিতিতে ভর্তির বিষয়ে বেশি সতর্ক হওয়ার জন্য। যারা প্রথম online admission portal এ registration করার পরেও ভর্তি হওয়ার সুযোগ যে কারণেই হোক হারাতে হয়েছে, তাদেরকে আরো বেশি সতর্ক হওয়ার নির্দেশ দেওয়া হচ্ছে। প্রযুক্তিগত কারণে, কোন আবেদনকারী ভর্তি সংক্রান্ত ও অনলাইন পেমেণ্ট সংক্রান্ত অসুবিধা দেখলে smkadmission@gmail.com এ জানালে সমাধানের চেষ্টা করা হবে। তবে কিছু ব্যক্তি অযথা কলেজে ফি সম্পর্কে বা অপ্রয়োজনীয় অনুসন্ধানের জন্য এই ইমেইল টি ব্যবহার করছে। অপ্রাসঙ্গিক ইমেইল আসার ফলে কোন কোন ক্ষেত্রে আবেদনকারীর গুরুত্বপূর্ণ ইমেইলটি দেরিতে দেখতে পাওয়া যায়। তাই প্রত্যেক আবেদনকারী ও বর্তমান ছাত্র ছাত্রীদের নির্দেশ দেওয়া হচ্ছে প্রযুক্তিগত সমস্যার সমাধানের জন্য কেবলমাত্র ইমেইল ব্যবহার করা। কলেজের ওয়েবসাইটই যথেষ্ট কলেজ সম্পর্কিত তথ্যের জন্য। বিশ্ববিদ্যালয় এবং সরকারি দপ্তরের লিংক দেওয়া আছে কলেজ ওয়েবসাইটে। সমস্ত ছাত্রছাত্রীকে নির্দেশ দেওয়া হচ্ছে, বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটেও গুরুত্ব সহকারে দেখার জন্য।

আরও নির্দেশ দেওয়া হচ্ছে, ভর্তি প্রক্রিয়ায় সঠিক মোবাইল নাম্বার ও সঠিক ইমেইল আইডি দেওয়ার জন্য। প্রথম সেমিস্টারের ক্লাস আজ 22 শে সেপ্টেম্বর থেকে শুরু হয়ে গেছে। তবে ভার্চুয়াল বা অনলাইন পদ্ধতিতে। অধ্যাপক অধ্যাপিকাগন ছাত্রছাত্রীদের সঙ্গে হোয়াটসঅ্যাপ গ্রুপে যোগাযোগ শুরু করে দিয়েছেন। ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীদেরও অনলাইন মাধ্যমে এগিয়ে যেতে হবে সংশ্লিষ্ট বিভাগের সঙ্গে যোগাযোগ করার জন্য। যোগাযোগ রক্ষা করা ছাত্র ছাত্রীর দায়িত্ব। যারা দ্বিতীয় পোর্টাল এ ভর্তি হবে, তারা যেন ভর্তি হওয়ার পরে অতি অবশ্যই, সংশ্লিষ্ট বিভাগ যোগাযোগ করলেই, যোগাযোগ রক্ষা করে। আরও জানানো হচ্ছে যে, অনলাইন ভর্তিপ্রক্রিয়ায় যে রেজিস্ট্রেশন নাম্বার আছে সেটাই হবে কলেজের রোল নাম্বার। Online payment সম্পর্কিত সমস্ত রশিদ সম্বন্ধে রাখতে হবে।

নবাগত সকল ছাত্র-ছাত্রী ও আবেদনকারীকে সোনামুখী কলেজের পক্ষ থেকে শুভেচ্ছা রইল।

অধ্যক্ষ